



# জাতীয় বিশ্ববিদ্যালয়

NOTICE\_MASTER'S\_PRELIMINARY\_2018\_2019

সূত্র- ১৬(৬৯৩)জাতী:বি:/রেজি:/একা:/প্রিলিমিনারী টু মাস্টার্স/২০১৮-২০১৯/৪৬৫৪

তারিখ: ১৭/১২/২০২০

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে ২য় ও সর্বশেষ রিলিজ প্লিপের মেধা তালিকা প্রকাশ এবং কলেজ কর্তৃক চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে ২য় ও সর্বশেষ রিলিজ প্লিপের মেধা তালিকা ২০ ডিসেম্বর ২০২০ তারিখ বিকাল ৪টায় প্রকাশ করা হবে। উক্ত ফলাফল SMS এর মাধ্যমে (nu<space>atmp<space>roll no টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) একইদিন বিকাল ৪টা থেকে এবং ভর্তি বিষয়ক ওয়েবসাইটে ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) রাত ৯টা থেকে পাওয়া যাবে। রিলিজ প্লিপের মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তনের কোন সুযোগ থাকবে না। উল্লেখ্য যে, জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি হতে পারবে না অর্থাৎ দ্বৈত ভর্তি কোনভাবেই গ্রহণযোগ্য হবে না।

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

| ক্রমিক | বিবরণ  | তারিখ                            |
|--------|--|----------------------------------|
| ক)     | ২য় রিলিজ প্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ ও এর প্রিন্ট কপি সংগ্রহের তারিখ:<br>শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের ( <a href="http://www.nu.ac.bd/admissions">www.nu.ac.bd/admissions</a> ) Applicant Login অপশন থেকে Masters Preli. (Regular) Login লিংকে ক্লিক করে ভর্তি ফরম পূরণ করতে হবে।  | ২০/১২/২০২০<br>থেকে<br>২৭/১২/২০২০ |
| খ)     | ২য় রিলিজ প্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি ৮৩৫/- (আটশত পঁয়ত্রিশ) টাকাসহ চূড়ান্ত ভর্তি ফরমের প্রিন্ট কপি সংশ্লিষ্ট কলেজে জমা দেয়ার তারিখ:  | ২১/১২/২০২০<br>থেকে<br>২৮/১২/২০২০ |
| গ)     | কলেজ কর্তৃক ২য় রিলিজ প্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের তারিখ:  | ২১/১২/২০২০<br>থেকে<br>৩০/১২/২০২০ |
| ঘ)     | কলেজ কর্তৃক ২য় রিলিজ প্লিপের মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ [জনপ্রতি ৮৩৫/- (আটশত পঁয়ত্রিশ) টাকা হারে] "সোনালী সেবা" এর মাধ্যমে যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ:<br>এ লক্ষ্যে কলেজ কর্তৃপক্ষকে College Login এর মাধ্যমে Admission Payment Info (Preli.) অপশনে ক্লিক করে Pay Slip (সঞ্চয়ী হিসাব নম্বর- 0218100000134) ডাউনলোড করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে যে কোন 'সোনালী সেবা' প্রদানকারী নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় নির্ধারিত ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।                          | ০৩/০১/২০২১<br>থেকে<br>০৭/০১/২০২১ |
| ঙ)     | পত্রকোড এন্ট্রি<br>২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয়ভিত্তিক পত্রকোড এন্ট্রি দেয়ার তারিখ:<br>এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে College Login এর মাধ্যমে Paper Code Entry অপশন থেকে ভর্তিকৃত শিক্ষার্থীদের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের জন্য প্রয়োজ্য সিলেবাস অনুসরণ করে বিষয়ভিত্তিক পত্রকোড এন্ট্রি নিশ্চিত করতে হবে। উল্লেখ্য যে, কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিষয়ভিত্তিক পত্রকোড এন্ট্রি দেয়া না হলে অথবা ভুল পত্রকোড এন্ট্রি দেয়া হলে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না। | ০৫/০১/২০২১<br>থেকে<br>০৮/০২/২০২১ |

বিঃদ্র: সংশ্লিষ্ট সকলকে কোভিড-১৯ মহামারি সম্পর্কিত সকল স্বাস্থ্যবিধি মেনে এ ভর্তি কার্যক্রম সম্পন্ন কতে হবে।

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মো: আনোয়ার হোসেন)

ডিন (ভারপ্রাপ্ত)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

ই-মেইল: [pgdeanoffice@gmail.com](mailto:pgdeanoffice@gmail.com)

ফোন : ৯২৯১০৭৪

সূত্র- ১৬(৬৯৩)জাতী:বি:/রেজি:/একা:/প্রিলিমিনারী টু মাস্টার্স/২০১৮-২০১৯/৪৬৫৪

তারিখ: ১৭/১২/২০২০

অনুলিপি:

১। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়

২। পরিচালক, অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়

৩। পরিচালক, জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)

৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়

৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়

৬। সচিব, ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়

৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়

৮। অফিস কপি

উপ-রেজিস্ট্রার (মাস্টার্স)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪